শিশুমৃত্যুর হারে বিশ্বে প্রথম সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক। হাসপাতালে চিকিৎসার জন্য অপুষ্টির শিকার এক শিশুর ওজন মাপা হচ্ছে। – এএফপি

২৫ ডিসেম্বর ব্রহ্মপুত্রে দীর্ঘতম সেতুর উদ্বোধন

নয়াদিল্লি, ৫ ডিসেম্বর ঃ ভারতের দীর্ঘতম সেতু বগিবলের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ২৫ ডিসেম্বর অসমের ডিব্রুগড় থেকে অরুণাচলপ্রদেশের পাশীঘাট পর্যন্ত ৪.৯৫ কিলোমিটার দীর্ঘ সেতুটি সাধারণ মানুষের ব্যবহারের জন্য খুলে দেওয়া হবে। ব্রহ্মপুত্রের জলস্তর থেকে ৩২মিটার উপরে অবস্থিত সেতুটি দিয়ে রেল ও সড়ক যোগাযোগের ব্যবস্থা রয়েছে। সামরিক দিক থেকেও সেতুটি গুরুত্বপূর্ণ। বগিবলের কাছেই রয়েছে অরুণাচলপ্রদেশের ৪,০০০ কিলোমিটার দীর্ঘ ভারত–চিন সীমান্ত। সেতুটি চালু হলে পশ্চিমবঙ্গ সহ ভারতের মূল ভূখণ্ডের সঙ্গে দেশের উত্তর–পূর্বের রাজ্যগুলির যোগাযোগ আরও ঘনিষ্ঠ হবে। রেল সূত্রে খবর, সেতুটি চালু হওয়ার পর পশ্চিমবঙ্গ ও অসমের ডিব্রুগড়ের মধ্যে রেলপথে যাতায়াতের সময় প্রায় ৩ ঘণ্টা কমে যাবে। ১৯৯৭ সালে তৎকালীন প্রধানমন্ত্রী এইচডি দেবেগৌড়া বগিবেল সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তবে সেতু তৈরির কাজ শুরু হয়েছিল ২০০২ সালে প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর আমলে। ৩ ডিসেম্বর সেতুর উপর দিয়ে পরীক্ষামূলকভাবে প্রথমবার ৫০ ওয়াগনের একটি মালগাড়ি চালানো হয়েছিল।

সাজা প্রাক্তন কয়লাসচিবের

নয়াদিল্লি, ৫ ডিসেম্বর ঃ কয়লাখনি বণ্টন কেলেঙ্কারিতে তিন বছরের কারাদণ্ড হল প্রাক্তন কয়লাসচিব এইচসি গুপ্তার। কয়লা কেলেঙ্কারির মামলা নিয়ে দিল্লির এক আদালত বুধবার ওই সাজা ঘোষণা করেছে। শুধু গুপ্তাই নন, ওই কেলেঙ্কারিতে দোষী প্রমাণিত আরও চারজনেরও শাস্তি এদিন ঘোষণা করা হয়েছে। তাঁদের মধ্যে রয়েছেন কয়লামন্ত্রকের প্রাক্তন যুগ্মসচিব কেএস খোপরা এবং তদানীন্তন অধিকর্তা কেসি সামিরা। দু'জনেরই তিন বছরের সাজা হয়েছে। একটি বেসরকারি সংস্থার এমডি বিকাশ পাতনি এবং ওই সংস্থার অন্যতম কর্তা আনন্দ মালিকের কারাদণ্ড হয়েছে চার বছরের। সংশ্লিষ্ট কোম্পানিটির উপর এক লক্ষ টাকা জরিমানাও ধার্য করা হয়েছে। তবে সিবিআই এই মামলায় পাঁচজনেরই সাত বছরের সাজা চেয়েছিল। মোটা অঙ্কের অর্থ জরিমানা চেয়েছিল বেসরকারি কোম্পানিটির জন্য। কংগ্রেস পরিচালিত ইউপিএ সরকারের আমলে কয়লাখনি বণ্টনকে কেন্দ্র করে ব্যাপক দুর্নীতির অভিযোগ ওঠে। বিষয়টির তদন্তের দায়িত্ব বর্তায় সিবিআই–এর উপর। কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার তথ্যপ্রমাণের ভিত্তিতে গত ৩০ নভেম্বর আদালতে দোষী প্রমাণিত হন এইচসি গুপ্ত সহ পাঁচজন।

সুদের হার অপরিবর্তিত

মুম্বই, ৫ ডিসেম্বর ঃ প্রত্যাশামতোই সুদের হার অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া। রেপো, রিভার্স রেপো এবং ব্যাংক রেট রইল যথাক্রমে ৬.৫ শতাংশ, ৬.২৫ শতাংশ এবং ৬.৭৫ শতাংশে। ২০১৯–২০ অর্থবর্ষে বৃদ্ধির হার ৭.৪ হবে বলে জানিয়েছে শীর্ষ ব্যাংক। তবে মূল্যবৃদ্ধির হার নিয়ে আশার কথা শুনিয়েছেন রিজার্ভ ব্যাংকের গভর্নর উর্জিত প্যাটেল। ২০১৮–১৯ অর্থবর্ষের শেষঅর্ধে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সংঘাতের পর এই প্রথম ঋণনীতির পর্যালোচনায় বসেছিল উর্জিত প্যাটেলের নেতৃত্বাধীন সংশ্লিষ্ট কমিটি। পরে সাংবাদিক সম্মেলনে সেই সংঘাত নিয়ে বিভিন্ন প্রশ্ন করা হলেও তা সযত্নে এড়িয়ে যান তিনি। লগ্নিকারীদের মধ্যে ক্ষীণ আশা ছিল, হয়তো ঝুঁকি নিয়ে সুদের হার কমাবে রিজার্ভ ব্যাংক। তা না হওয়ায় ধাক্কা খেয়েছে শেয়ারবাজার। সূচকের পতনে ইন্ধন জুগিয়েছে বিশ্বের বিভিন্ন দেশের শেয়ার সূচকের পতনও। আজ বোম্বে স্টক এক্সচেঞ্জের সূচক সেনসেক্স ২৪৯.৯০ পয়েন্ট পড়ে ৩৫৮৮৪.৪১ পয়েন্টে পৌঁছেছে। ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের সূচক নিফটি ৮৬.৬০ পয়েন্ট পড়ে ১০৭৮২.৯০ পয়েন্টে বন্ধ হয়েছে।

'সব টাকা ফেরত দেব'

ঋণশোধের কাতর আর্জি মালিয়ার

নয়াদিল্লি, ৫ ডিসেম্বর ঃ প্যাঁচে পড়ে সুর নরম করেছেন একাধারে ঋণখেলাপি ও ফেরার শিল্পপতি বিজয় মালিয়া। টুইটারের মাধ্যমে তিনি কেন্দ্রীয় সরকার এবং বিভিন্ন ব্যাংককে জানিয়েছেন, তিনি ঋণের সব টাকা ফেরত দিতে চান। দয়া করে সরকার ও ব্যাংকগুলি তাঁকে যেন ঋণশোধের সুযোগ করে দেয়। সোশ্যাল মিডিয়ায় মালিয়া বলেছেন, অধুনালুপ্ত কিংফিশার এয়ারলাইন্স তিনি আবার চালু করতে চান। তার জন্য যার কাছে যা ধার রয়েছে, সব শোধ দিতে প্রস্তুত। মালিয়ার দাবি, তাঁকে অহেতুক অভিযুক্ত করা হচ্ছে। তিনি টাকা ফেরত দিতে চান না বা সেই কারণে দেশ ছেড়ে পালিয়েছেন, এই কথাও ঠিক নয়। টাকা ফেরতের সুযোগ থাকলেই তিনি টাকা ফেরত দেবেন। মালিয়ার আরও দাবি, জ্বালানি তেলের দাম বেড়ে যাওয়ার জন্যই কিংফিশারের ব্যবসায় লোকসান হয়েছিল। তাঁর কথায়, 'মিডিয়া বলছে, আমি টাকা নিয়ে পালিয়েছি। এটা ভুল এবং দুঃখজনক।' এর আগে এক বার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকেও মালিয়া জানিয়েছিলেন, তাঁকে অহেতুক ব্যাংক দুর্নীতির পোস্টারবয় করা হচ্ছে।

অবশ্য সুর নরম করার কারণও আছে মালিয়ার। তাঁকে ভারতে প্রত্যর্পণ করা হবে কি না, তা নিয়ে আর দিন পাঁচেক বাদেই শুনানি হবে ব্রিটেনের আদালতে। ওই মামলায় রায় কী হবে, তা নিয়ে ধন্দ রয়েছে সব মহলেই। মালিয়াও নিশ্চয়ই এর বাইরে নন। এ দিকে, অগুস্টা চপার কেলেঙ্কারিতে অন্যতম অভিযুক্ত মিশেল ক্রিস্টিনকে ভারতে প্রত্যর্পণ করা হয়েছে। এই ঘটনা চাপ বাড়িয়েছে মালিয়ার। ব্রিটেন যদি তাঁকে ভারতে ফেরত পাঠায়, তা হলে হাজতবাস এড়াতে বিকল্প রাস্তাটি খোলা রাখার জন্যই ধনকুবের মালিয়া সোশ্যাল মিডিয়ায় কেন্দ্র ও ব্যাংকের উদ্দেশে খোলা আর্জি জানিয়েছেন বলেই ধারণা পর্যবেক্ষকদের। আইনজীবীরা জানিয়েছেন, নানা মামলায় ফেঁসে মালিয়া এখন কোণঠাসা। ফাঁস আলগা করতেই টাকা ফেরতের গল্প তৈরি করেছেন।

ভারতীয় স্টেটব্যাংক সহ বিভিন্ন ব্যাংক থেকে ৯০০০ কোটি টাকা ঋণ নিয়ে তা শোধ না করার জন্য মামলার মুখে পড়তে হয়েছে মালিয়াকে। টাকা ফেরত চেয়ে ব্যাংকগুলি নড়েচড়ে বসতেই দু'বছর আগে মালিয়া দেশ ছেড়ে চলে যান। তিনি আশ্রয় নেন ব্রিটিশ মুলুকে। এর পর তাঁর বিরুদ্ধে তছরুপ ও আর্থিক জালিয়াতির মামলা দায়ের হয়। পাশাপাশি, তাঁকে দেশে ফেরাতে গত বছরই আবেদন জানানো হয় ব্রিটিশ সরকারের কাছে। আগামী ১০ ডিসেম্বর লন্ডনের আদালতে সেই মামলার রায় হতে পারে।

প্রাক্তন ও বর্তমান।। জর্জ বুশ (জুনিয়ার)–এর সঙ্গে ডোনাল্ড ট্রাম্প। – পিটিআই

স্ত্রীকে খুন, দোষী সাব্যস্ত ভারতীয় বংশোদ্ভূত সমকামী

লন্ডন, ৫ ডিসেম্বর ঃ স্ত্রীকে খুনের দায়ে লন্ডনের এক আদালতে দোষী সাব্যস্ত হয়েছেন ভারতীয় বংশোদ্ভূত স্বামী। স্থানীয় আদালত জানিয়েছে, পুরুষ সঙ্গীর সঙ্গে ঘর বাঁধার জন্যই খুনটি করা হয়। ইংল্যান্ডের মিডলসবরোতে ঘটনাটি ঘটেছিল চলতি বছরের মে মাসে। বাড়ি থেকেই উদ্ধার হয়েছিল স্ত্রী জেসিকার দেহ। মঙ্গলবার আদালত স্বামী মিতেশ প্যাটেলকে দোষী সাব্যস্ত করেছে। আদালতের বক্তব্য, তদন্তে জানা গিয়েছে, পুরুষ সঙ্গীর সঙ্গে ঘর বাঁধার জন্যই তিনি স্ত্রীকে পরিকল্পনা করে খুন করেছিলেন। বিচারক জেমস গস জুরিদের জানিয়েছেন, এই অপরাধে যাবজ্জীবনের শাস্তি বাধ্যতামূলক। তবে মিতেশকে কী শাস্তি দেওয়া হবে তা শুনানির পর ঠিক হবে। প্রথম থেকেই খুনের অভিযোগ অস্বীকার করেছিলেন বছর ৩৭–এর মিতেশ। তদন্তকারীদের তথ্যপ্রমাণের ভিত্তিতে আদালত জানিয়েছে, ব্যক্তিগত আকাঙ্ক্ষা স্বার্থ চরিতার্থ করতেই স্ত্রীকে শ্বাসরোধ করে খুন করেন মিতেশ। ওই কাজে ব্যবহার করেছেন একটি প্লাসটিকের ব্যাগ। তা আনা হয় স্থানীয় সুপারমার্কেট থেকে। সোশ্যাল অ্যাপের মাধ্যমে মিতেশের সঙ্গে পরিচয় হয়েছিল অস্ট্রেলিয়ার বাসিন্দা অমিত প্যাটেলের। তাঁদের মধ্যে একটি সম্পর্ক তৈরি হয়। প্রেমিক অমিতের সঙ্গে পাকাপাকিভাবে অস্ট্রেলিয়ায় থাকার পরিকল্পনা করেছিলেন মিতেশ। বাধা হয়ে ওঠেন স্ত্রী। তাঁকে খুন করে বিমার টাকা হাতিয়ে অস্ট্রেলিয়া যাওয়ার ছক কষেছিলেন অমিত। মিতেশ এবং জেসিকার আলাপ হয়েছিল ম্যাঞ্চেস্টার বিশ্ববিদ্যালয়ে। বিয়ের পর তাঁরা একটি ওষুধের দোকান খুলেছিলেন মিডলসবরোতে। ১৪ মে খুন হন জেসিকা।

দ্বিতীয় চেষ্টায় সফল উৎক্ষেপণ ভারতীয় 'বাজপাখি'র

কুরু (ফ্রেঞ্চ গায়ানা), ৫ ডিসেম্বর ঃ দ্বিতীয় চেষ্টায় সফল উৎক্ষেপণ হল ভারতের সবচেয়ে শক্তিশালী কৃত্রিম উপগ্রহ 'জিস্যাট–১১'র, যাকে 'বিগ বার্ড' বলে ডাকছেন বিজ্ঞানীরা। বুধবার ভারতীয় সময় রাত ২টো ৭ মিনিটে দক্ষিণ আমেরিকার ফ্রেঞ্চ গায়ানার ফরাসি উৎক্ষেপণ কেন্দ্র স্পেসপোর্ট থেকে মহাকাশে পাঠানো হয় এই উপগ্রহটিকে। ৫৮৫৪ কেজি ওজনের কৃত্রিম উপগ্রহ পাঠানোর ব্যবস্থা এই মুহূর্তে ভারতের উৎক্ষেপণ কেন্দ্রগুলিতে নেই। সেই কারণেই সাহায্য নেওয়া হয় দক্ষিণ আমেরিকার ফরাসি উৎক্ষেপণ কেন্দ্রের। এর আগে, গত মে মাসে ভারতের মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর তৈরি বাহুবলি রকেট জিএসএলভি এমকে থ্রি–তে চাপিয়ে বিগ বার্ডকে মহাকাশে পাঠানোর চেষ্টা হয়েছিল। কিন্তু সেই চেষ্টা বিফলে যায়। ইসরো সূত্রে জানানো হয়েছে, জিস্যাট –১১ বানাতে ৬০০ কোটি টাকা খরচ হয়েছে। ইসরোর তরফে আরও জানানো হয়েছে, এই কৃত্রিম উপগ্রহের জন্য প্রযুক্তিগত দিক থেকে ডিজিট্যাল ভারতের লক্ষ্যে অনেকটাই এগিয়ে যাওয়া সম্ভব হবে। আরও উন্নত হবে যোগাযোগ ব্যবস্থা। ইনটারনেটের সুবিধা পৌঁছে দিতে আর কেবল–যোগাযোগ লাগবে না। তাই আর কিছু দিনের মধ্যেই দেশের অধিকাংশ বিমানেই ইনটারনেট পরিসেবা মিলবে এই প্রযুক্তির দৌলতে।

ডিজিট্যাল ভারতের পথে আরও এক ধাপ

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন

জো বাইডেনের প্রার্থীপদ নিয়ে জল্পনা

ওয়াশিংটন, ৫ ডিসেম্বর ঃ তিনিই আমেরিকার প্রেসিডেন্ট হওয়ার যোগ্য। নিজের সম্পর্কে এমনই ধারণা প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট জো বাইডেনের। সম্প্রতি নিজের লেখা বইয়ের সম্প্রচারে বেরিয়েছেন তিনি। এই উপলক্ষ্যে একটি সাক্ষাৎকারে বিডেন ওই কথা বলেন। ২০২০–তে আমেরিকায় প্রেসিডেন্ট নির্বাচন। হাতে সময় রয়েছে পাক্কা দু'বছর। বাইডেন প্রার্থী হবেন কিনা তা এখনও স্পষ্ট নয়। তবে তিনি জানিয়েছেন, আগামী দেড়–দু'মাসের মধ্যেই তিনি এবিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। মন্টানা যাওয়ার পথে সংবাদমাধ্যমকে তিনি বলেছেন, 'আমার মনে হয়, এদেশের প্রেসিডেন্ট পদে বসার যোগ্যতম ব্যক্তি আমি।' তাঁর ওই মন্তব্যই জল্পনা উসকে দিয়েছে রাজনৈতিক মহলে। বারাক ওবামা মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট পদে থাকাকালীন ভাইস প্রেসিডেন্ট ছিলেন বাইডেন। তিনি ওই পদে ছিলেন আট বছর। ভাইস প্রেসিডেন্ট হওয়ার আগে ডেলওয়ারের সেনেটর ছিলেন বাইডেন। প্রেসিডেন্ট ট্রাম্প সম্পর্কে তিনি বিরক্ত। ট্রাম্প সত্য কথা বলেন না, বাইডেনের সাক্ষাৎকারে উঠে এসেছে সেকথা। বাইডেন প্রশ্ন তুলেছেন, 'জাতি হিসেবে আমরা কোন দিকে এগোচ্ছি ?' তিনি সমালোচনা করেছেন যুক্তরাষ্ট্রের বিদেশনীতিরও। রাজনৈতিক বিশেষজ্ঞদের একাংশের মতে, আগামী নির্বাচনে ডেমোক্র্যাটিক পার্টির পক্ষ থেকে জো বাইডেনকে প্রেসিডেন্ট পদে দাঁড় করানো হলে রিপাবলিকান পার্টির প্রার্থীকে কঠিন লড়াইয়ের মুখে পড়তে হবে।

মাওবাদীদের হাতে খুন দুই প্রাক্তন

রায়পুর, ৫ ডিসেম্বর ঃ দুই প্রাক্তন সহকর্মীকে খুন করেছে মাওবাদীরা। ঘটনাটি ঘটেছে ছত্তিশগড়ের বস্তার জেলার পাখনার গ্রামে। পুলিশ জানিয়েছে, নিহত জল্লু ও ভীমা দু'জনই একসময়ে মাওবাদী আন্দোলনের সঙ্গে যুক্ত ছিল। বছর দু'য়েক আগে তারা আত্মসমর্পণ করে বস্তারে। ফিরে আসে স্বাভাবিক জীবনে। মাওবাদীদের গতিবিধি সম্পর্কে পুলিশকে খবরাখবরও দিত তারা। তাই মাওবাদীদের চোখে তারা ছিল পুলিশের চর। পুলিশের এক আধিকারিক জানিয়েছেন, মঙ্গলবার সন্ধ্যায় সাপ্তাহিক হাটে গিয়েছিল জল্লু ও ভীমা। সেখানেই একদল মাওবাদী ধারালো অস্ত্র নিয়ে তাদের উপর ঝাঁপিয়ে পড়ে। কুপিয়ে হত্যা করা হয়েছে তাদের। তারপর দু'টি দেহ পাখনারের পুলিশ ফাঁড়ির কাছে ফেলে দিয়ে তারা চম্পট দেয়। আততায়ীদের গ্রেফতার করা যায়নি। দু'টি দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। মাওবাদীদের সন্ধানে শুরু হয়েছে চিরুনি তল্লাশি।

DEAR 6 PRICE ₹ WEEKLY LOTTERIES

হার্দিক অভিনন্দন

বিজেতা. ইছা গাজী হাসনাবাদ

বিজেতার জন্য মারুতি সুজুকি এস ক্রস (আলফা ডিডিএসআই 200)

বিজেতা. শিভম এন্টারপ্রাইজ আসানসোল

Nagaland State Lotteries — ডিয়ার প্যারোট ইভিনিং

Ticket No.: 89C 31655 — Draw Date : 04.12.2018

প্রথম পুরস্কার ₹ 26.01 লাখ এবং 500 গ্রাম সোনা অথবা ₹ 15 লাখ

সেলার ঃ মুকুল শেখ, বোলপুর — এজেন্ট ঃ চৌধুরী এজেন্সী, বোলপুর

সাব-স্টকীষ্ট ঃ চন্দ্রা এজেন্সী, বোলপুর — স্টকীষ্ট ঃ সাথী এজেন্সী, সিউড়ি

বিজেতার জন্য মারুতি সুজুকি এস ক্রস (আলফা ডিডিএসআই 200)

বিজেতা মুকুল শেখ, বোলপুর

Nagaland State Lotteries — ডিয়ার ফেইতফুল মর্নিং

Ticket No.: 82A 04240 — Draw Date : 05.12.2018

প্রথম পুরস্কার ₹ 51.02 লাখ

সেলার ঃ এম. লটারী, সরলদিঘী গড়িয়া — এজেন্ট ঃ ত্রিশান এজেন্সী, রানিকুঠী

সাব-স্টকীষ্ট ঃ তিয়াসা এজেন্সী, রানিকুঠী — স্টকীষ্ট ঃ নিউ কল্পতরু এন্টারপ্রাইজ, রানিকুঠী

বিজেতার জন্য মারুতি সুজুকি এস ক্রস (আলফা ডিডিএসআই 200)

বিজেতা এম. লটারী, গড়িয়া

West Bengal State Lottery — ডিয়ার বঙ্গলক্ষ্মী রায়ডাক

Ticket No.: 15E 85548 — Draw Date : 05.12.2018

প্রথম পুরস্কার ₹ 50 লাখ

সেলার ঃ এস. এল. সি. লটারী, কাঁচড়াপাড়া — এজেন্ট ঃ বিশ্বনাথ মজুমদার কাঁচড়াপাড়া

সাব-স্টকীষ্ট ঃ শৈলেন লটারী, কাঁচড়াপাড়া - কালিমন্দির

স্টকীষ্ট ঃ জয় মা দক্ষিণেশ্বরী এজেন্সী, খড়দা

বিজেতার জন্য মারুতি সুজুকি এস ক্রস (আলফা ডিডিএসআই 200)

বিজেতা এস. এল. সি. লটারী, কাঁচড়াপাড়া

2nd PRIZE TOTAL WINNING

DEAR EVENING	04.12.2018	3335
DEAR MORNING	05.12.2018	2480
DEAR DAY	05.12.2018	1710
GRAND TOTAL		7525

Scheme Given By : Future Trade Solution LLP, West Bengal